এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# হিসাববিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৪ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ সানজিদা এন্ড কোং এর ২০১৫ সালের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয় নিম্নরূপ :

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রয় ও বিক্রয় | | ৩,০৫,০০০ | ৪,৩০,০০০ |
| ২. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ১,০০,০০০ | ৫০,০০০ |
| ৩. | মজুরি | | ১২,০০০ | |
| ৪. | দালানকোঠা | | ২,৫০,০০০ | |
| ৫. | কমিশন | | ৩,০০০ | ৪,০০০ |
| ৬. | মনিহারি | | ১,০০০ | |
| ৭. | ক্রয় পরিবহন | | ২০,০০০ | |
| ৮. | দেনাদার ও পাওনাদার | | ৯০,০০০ | ১,০০,০০০ |
| ৯. | উত্তোলন | | ১,১০,০০০ | |
| ১০. | ১০% বিনিয়োগ (১.৭.১৫) | | ৬০,০০০ | |
| ১১. | ফেরত | | ৫,০০০ | ১২,০০০ |
| ১২. | ব্যবসায়িক বাট্টা | | ৯,০০০ | ৪,০০০ |
| ১৩. | বিজ্ঞাপন | | ৮,০০০ | |
| ১৪. | মূলধন | | | ৪,১০,০০০ |
| ১৫. | মজুদ পণ্য (১.১.১৫) | | ৩৫,০০০ | |
| ১৬. | শুল্ক | | ২,০০০ | |
| | | | ১,১০,০০০ | ১,১০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. বছর শেষে অবিক্রীত পণ্যের পরিমাণ ৪৫,০০০ টাকা। ২. বকেয়া মজুরি ২,০০০ টাকা। ৩. বিজ্ঞাপন ৫ বছরের জন্য প্রদত্ত হয়েছে। ৪. অব্যবহৃত মনিহারির পরিমাণ ১,৫০০ টাকা।

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা? ৪

গ. প্রতিষ্ঠানটির নিট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

Teachingbd.com

২. ▶

# রাদিফ এন্টারপ্রাইজ
## রেওয়ামিল
## ৩১ ডিসেম্বর ২০১৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ৫০,০০০ | ২,০০,০০০ |
| ২. | হাতে নগদ | | ৪০,০০০ | |
| ৩. | আসবাবপত্র | | ৬০,০০০ | |
| ৪. | দালানকোঠা | | ১,৯০,০০০ | |
| ৫. | অতিরিক্ত মূলধন (১.৭.১৫) | | | ৫০,০০০ |
| ৬. | শিক্ষানবিশ সেলামি (২ বছরের জন্য) | | | ১৫,০০০ |
| ৭. | ঋণের সুদ | | ২,০০০ | |
| ৮. | অগ্রিম মনিহারি | | ৩,০০০ | |
| ৯. | ভাড়া | | ২০,০০০ | |
| ১০. | ফেরত | | ১,০০০ | ৬,০০০ |
| ১১. | মজুদ পণ্য (০১-০১-১৫) | | ৩২,০০০ | |
| ১২. | অনাদায়ী পাওনা | | ৪,০০০ | |
| ১৩. | অনাদায়ী পাওনা সঞ্চিতি | | | ২,০০০ |
| ১৪. | ৫% বন্ধকি ঋণ | | | ৮০,০০০ |
| ১৫. | ব্যাংকে জমা | | ২০,০০০ | |
| ১৬. | দেনাদার ও পাওনাদার | | ৪৫,০০০ | ৩৪,০০০ |
| ১৭. | বকেয়া ভাড়া | | | ১,০০০ |
| ১৮. | ক্রয় ও বিক্রয় | | ৭৫,০০০ | ১,৬০,০০০ |
| ১৯. | আমদানি শুল্ক | | ৬,০০০ | |
| | | | ৫,৪৮,০০০ | ৫,৪৮,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৪৩,০০০ টাকা যা বাজারমূল্য থেকে ২,০০০ টাকা বেশি। ২. স্থায়ী সম্পদের ওপর ৫% অবচয় ধার্য করতে হবে। ৩. চলতি বছরের অনাদায়ী পাওনার পরিমাণ ২,০০০ টাকা। ৪. মূলধনের ওপর ২১/২% সুদ ধার্য করতে হবে।

Teachingbd.com

ক. প্রতিষ্ঠানটির মোট লাভ নির্ণয় করো। ২
খ. রাদিফ এন্টারপ্রাইজের নিট লাভ/ক্ষতির পরিমাণ কত? ৪
গ. মোট সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

## খ বিভাগ

**৩.** ▶ আরিফ ২০১৫ সালের ১ জানুয়ারিতে নগদ ১০,০০০ টাকা, ৫,০০০ টাকার পণ্য এবং ৫০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা আরম্ভ করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয় :

জানু. ৭ ধারে পণ্য ক্রয় করা হলো ৭,০০০ টাকা।
" ১০ ক্রয়কৃত পণ্যের মূল্য পরিশোধ ৫,০০০ টাকা।
" ১৫ কমিশন পাওয়া গেল ৭০০ টাকা।

ক. আরিফ এর মূলধন কত? ২
খ. লেনদেনসমূহ হিসাবের প্রাথমিক বইতে লিপিবদ্ধ করো। ৪
গ. লেনদেনসমূহ কারণসহ শ্রেণিবিন্যাস করে দেখাও। ৪

**৪.** ▶ আল-আমিন স্টোরস এ ২০১৫ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

মে ৪ মিলি স্টোরস এর কাছ থেকে প্রতি প্যাকেট ১৫০ টাকা দরে ১০ প্যাকেট গুড়া দুধ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ২% এবং ক্রেডিট নোট নং ১৫০।
" ৮ রত্না ট্রেডার্স থেকে পূর্বে ক্রয়কৃত প্রতি কেজি ৫০ টাকা দরে ৪০ কেজি ডিটারজেন্ট পাউডার নিম্নমানের জন্য ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা ২%, ডেবিট নোট ১০৭।
" ১৭ মিলি স্টোরসকে প্রতি পাউন্ড ২০০ টাকা দরে ৫০০ পাউন্ড ফেরত দেয়া হলো। ডেবিট নোট নং ১৮০। কারবারি বাট্টা ৫%।
" ২০ রত্না ট্রেডার্স এর কাছ থেকে প্রতিটি ৭০ টাকা দরে ১২ ডজন সাবান ফেরত পাওয়া গেল। ক্রেডিট নোট নং-১০৬।

ক. আল-আমিন স্টোরস এর মোট বাট্টার পরিমাণ কত? ২
খ. মে মাসের লেনদেনের ভিত্তিতে বিক্রয় পেরত জাবেদা প্রস্তুত করো। ৪
গ. লেনদেনসমূহ ভিত্তিতে সহকারী খতিয়ান প্রস্তুত করো। ৪

**৫.** ▶ রাকিব এর ব্যবসা হতে ২০১৫ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত তথ্য সংগৃহীত হয়।

এপ্রিল ১ নগদ ৫০,০০০ টাকা মূলধন আনা হলো।
" ৭ ধারে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১৮ চেকের মাধ্যমে বিক্রয় ২০,০০০ টাকা।

Teachingbd.com

” ২৫ বিক্রীত পণ্য ফেরত আসল ৮,০০০ টাকা।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের ভিত্তিতে একটি বিবরণী ছক প্রস্তুত করো। ৪

গ. ৭, ১৮ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা খতিয়ান প্রস্তুত করে দেখাও। ৪

৬.▶ জনাব রাসেল একজন ব্যবসায়ী। তার ব্যবসায় ২০১৫ সালের ৩১ ডিসেম্বর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

মূলধন ২০,০০০ টাকা, ক্রয় ১০,০০০ টাকা, বহিঃপরিবহন ২,০০০ টাকা, শুল্ক ১,০০০ টাকা, বিক্রয় ৩০,০০০ টাকা, আয়কর ৩,০০০ টাকা, মজুদ পণ্য (১.১.১৫) ২৪,০০০ টাকা, পাওনাদার ৫,০০০ টাকা, প্রাপ্য সুদ ৪,০০০ টাকা, উত্তোলন ৫,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ৫০,০০০ টাকা, মজুদ পণ্য (৩১.১২.১৫) ২৭,০০০ টাকা, দালানকোঠা ১২,০০০ টাকা, ট্রেডমার্ক ৩০,০০০ টাকা, ঋণের সুদ ১০,০০০ টাকা, বেতন ৩,০০০ টাকা, বকেয়া ভাড়া ১,০০০ টাকা, কমিশন ২,০০০ টাকা।

ক. উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরের খতিয়ানের উদ্বৃত্ত দ্বারা একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৭.▶ ২০১৫ সালের জুন মাসে হাসান ব্রাদার্স এ নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| জুন | ১ | প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা। |
| ” | ৫ | দোকান থেকে ৫,০০০ টাকা নিয়ে বাড়ির বাজার করা হলো। |
| ” | ৭ | ১৭,০০০ টাকা পণ্য বিক্রয় করে ১০,০০০ টাকা পাওয়া গেল। |
| ” | ১০ | ব্যাংক থেকে ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকা এবং অফিস প্রয়োজনে ৭,০০০ টাকা উঠানো হলো। |
| ” | ১৮ | বাট্টা মঞ্জুর করা হলো ৫০০ টাকা। |
| ” | ২১ | ব্যাংকে জমা দেয়া হলো ২,০০০ টাকা। |
| ” | ২৮ | মনিহারি ক্রয় করা হলো ৫০০ টাকা। |
| ” | ৩০ | মারুফ এন্ড কোং এর নিকট প্রতিটি ১০০ টাকা দরে ৫০টি ক্যালকুলেটর বিক্রয় করে নগদ অর্থ আদায় করা হলো। |

ক. জুনের ৭ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা দেখাও। ২

খ. ৩০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪

গ. উপরের লেনদেনসমূহ দিয়ে নগদান বই প্রস্তুত করো। ৪

http://teachingbd.com

৮.▶ আরেফিন এন্ড কোং ৩০-০৬-১৫ তারিখে সমাপ্ত বছরের মোট ১,০০,০০০ ইট প্রস্তুত করে। নিচে ইট প্রস্তুতের খরচগুলো দেয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| মাটি ক্রয় | ৮০,০০০ |
| বহন খরচ | ২০,০০০ |
| কয়লা খরচ | ১,০০,০০০ |
| শ্রমিকের খরচ | ৩৫,০০০ |
| মাটি ছানার খরচ | ১৮,০০০ |
| ইটখোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ৫,০০০ |
| অফিসের ভাড়া | ১২,০০০ |
| বিক্রয় কেন্দ্রে ইট আনার খরচ | ৩,০০০ |
| বিজ্ঞাপন | ৮,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ৭,০০০ |

ক. প্রতিষ্ঠানটির পরিচালন ব্যয় কত? ২

খ. আরেফিন এন্ড কোং এর ১,০০,০০০ ইটের উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪

গ. মোট ব্যয়ের ওপর ১৫% মুনাফায় ইট বিক্রি করতে চাইলে প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য কত? ৪

৯.▶ ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে অধ্যাপক নাসির সাহেবের পারিবারিক অবস্থা নিম্নরূপ :

দালানকোঠা ৯০,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, সঞ্চয়পত্র ১৫,০০০ টাকা, গহনা ৫০,০০০ টাকা, নগদ অর্থ ২০,০০০ টাকা এবং ঋণ ১১,০০০ টাকা। ৩১ ডিসেম্বর নিম্নোক্ত তথ্য সংগ্রহ করা হয় :

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১.১.১৫) | ২০,০০০ | খাদ্য সামগ্রী | ৬০,০০০ |
| বেতন | ৩,৮০,০০০ | বাজার খরচ | ১,০০,০০০ |
| সঞ্চয়পত্রের সুদ | ১,০০০ | টেলিভিশন ক্রয় | ৫০,০০০ |
| বোনাস | ৫০,০০০ | শিক্ষা ও চিকিৎসা | ১৮,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ৩০,০০০ |
| | | ব্যাংক জমা | ১,৫০,০০০ |
| | | খবরের কাগজ | ৭,০০০ |
| | | টেলিফোন বিল | ৫,০০০ |
| | | উদ্বৃত্ত | ৩১,০০০ |
| | ৪,৫১,০০০ | | ৪,৫১,০০০ |

**সমন্বয়সমূহ :** ১. টেলিফোন বিল ৫০০ টাকা বকেয়া আছে। ২. সঞ্চয়পত্রের সুদ ১,৫০০ টাকা পাওয়া যায় নাই।

ক. উপরের তথ্যের আলোকে পারিবারিক তহবিল কত? ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৫ এর আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. নাসির সাহেবের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd.com

১০.▶ জনাব রাজিব হাসানের ব্যবসায়ের সম্পদ ও দায়ের পরিমাণ নিচে তুলে ধরা হলো :

| বিবরণ | ০১-০১-১৫ (টাকা) | ৩১-১২-১৫ (টাকা) |
|---|---|---|
| দালানকোঠা | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| হাতে নগদ | ৫০,০০০ | ৬০,০০০ |
| ব্যাংক ঋণ | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| দেনাদার | ২০,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | ১০,০০০ | ২০,০০০ |
| আসবাবপত্র | ১,২০,০০০ | ১,২০,০০০ |
| পাওনাদার | ২০,০০০ | ২৮,০০০ |
| প্রাপ্য বিল | ১০,০০০ | ১২,০০০ |
| বকেয়া ভাড়া | ৫,০০০ | ৫,০০০ |
| ব্যাংকে জমা | ৪০,০০০ | ৫০,০০০ |
| প্রদেয় বিল | ৫,০০০ | |

২০১৫ সালে জনাব রাগিব সারা বছর ধরে মোট ৪০,০০০ টাকা উত্তোলন করেন। এছাড়া ব্যক্তিগত তহবিল থেকে তিনি ৬০,০০০ টাকার একটি কম্পিউটার ক্রয় করেন এবং তা ব্যবসায়ের কাজে ব্যবহার করেন।

ক. জনাব রাগিব হাসানের প্রারম্ভিক মূলধন কত? ২

খ. ব্যবসায়টির প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পার্থক্য কত টাকা। ৪

গ. ২০১৫ সালের রাগিব হাসানের ব্যবসায়ের লাভ/ক্ষতি নির্ণয় করো। ৪

১১.▶ ২০১৫ সালের নভেম্বর মাসে রাহাত এর ব্যবসায় নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| নভে. | ১ | নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা। |
| ” | ৭ | সুজনের কাছ থেকে ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪৮,০০০ টাকা পাওয়া গেল। |
| ” | ৮ | নগদে পণ্য ক্রয় করা হলো ৮,০০০ টাকা এবং এপ্রেক্ষিতে ১০০ টাকা বাট্টা পাওয়া গেল। |
| ” | ১৮ | একজন পাওনাদারকে ১০,০০০ টাকার একটি চেক দেয়া হলো। |
| ” | ২২ | বেতন প্রদান করা হলো ৫০০ টাকা। |
| ” | ২৮ | আসবাবপত্র ক্রয় করা হলো ১২,০০০ টাকা। |
| ” | ২৯ | ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করা হলো। |
| ” | ৩০ | ব্যাংকে জমা দেয়া হলো ১,০০০ টাকা। |

ক. ৭ তারিখের লেনদেনটি হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে? ২

খ. উপরের তথ্য হতে প্রয়োজনীয় তথ্য নিয়ে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

গ. রাহাত এর ব্যবসার লেনদেন দ্বারা একটি তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

http://teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. আধুনিক হিসাব বিজ্ঞানের জনক কে?
ক এল.সি. ক্রোপার
খ এ. ডাব্লিউ জনসন
গ লুকা প্যাসিওলি
ঘ আর. এন. কার্টার

২. সরকারের আয়ের অন্যতম উৎস—
i. ভ্যাট
ii. কাস্টমস ডিউটি
iii. আয়কর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

৩. ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী—
i. কর্মকর্তা-কর্মচারী
ii. মালিক ও ব্যবস্থাপক
iii. হিসাব নিরীক্ষক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

৪. ১০,০০০ টাকার পণ্য ক্রয়ের জন্য লিপিবন্ধকরণের ক্ষেত্রে নিচের কোনটি ব্যবহৃত হবে?
ক ডেবিট নোট
খ ক্রেডিট নোট
গ ডেবিট ভাউচার
ঘ ক্রেডিট ভাউচার

৫. কোনটি সঠিক
ক $A=L-E$  খ $E=A-L$
গ $L=A+E$  ঘ $A+L=E$

৬. ২০,০০০ টাকার যন্ত্রপাতি নগদে ক্রয়- এ লেনদেনটি হিসাব সমীকরণের কোন কোন উপাদানের পরিবর্তন ঘটায়?
ক A ও E  খ A ও L
গ E ও L  ঘ শুধু A

৭. ভাউচার কি?
ক লেনদেনের প্রমাণপত্র
খ হিসাবের বই
গ ক্রেতার বিবরণ  ঘ বিক্রেতার বিবরণ

৮. কোনটি লেনদেনের প্রথম আশ্রয়স্থল?
ক জাবেদা  খ খতিয়ান
গ রেওয়ামিল  ঘ বিশদ আয় বিবরণী

৯. অগ্রিম বিজ্ঞাপন কোন ধরনের হিসাব?
ক দায়  খ আয়
গ ব্যয়  ঘ সম্পদ

১০. কোনটি ক্রয় ফেরত জাবেদার উৎস দলিল?
ক ক্রেডিট নোট
খ ডেবিট নোট
গ ক্রেডিট ভাউচার
ঘ ডেবিট ভাউচার

১১. সমাপনী জাবেদার মাধ্যমে কোন হিসাবটি বন্ধ করা হয়?
ক আসবাবপত্র  খ মূলধন
গ উত্তোলন  ঘ পাওনাদার

১২. মি. হাসান প্রতি কেজি ১০০ টাকা দরে ২৫০ কেজি মশুর ডাল ক্রয় করেন। বহন খরচ ৫০০ টাকা হলে ক্রয় জাবেদায় লিখবেন—
ক ২,৫০০ টাকা  খ ২৪,৫০০ টাকা
গ ২৫,০০০ টাকা  ঘ ২৫,৫০০ টাকা

১৩. ক্রেডিট নোটের সাহায্যে কার হিসাব ক্রেডিট করা হয়?
ক ক্রেতার  খ বিক্রেতার
গ পাওনাদারের  ঘ সরবরাহকারীর

১৪. সহকারি খতিয়ান কোন হিসাবের সাথে সম্পর্কিত?
i. পাওনাদার
ii. দেনাদার
iii. মূলধন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

Teachingbd.com

উদ্দীপকটি পড়ো এবং ১৫, ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।

আল-আমিন ট্রেডার্স রনি স্টোর এর নিকট হতে ১০% বাট্টায় ১,০০,০০০ টাকার চাল ক্রয় করে ৫০% নগদে প্রদান করে।

**১৫. রনি স্টোরের জন্য ১০% টাকা কি হিসাবে গণ্য?**

ক ক্রয় বাট্টা   খ বিক্রয় বাট্টা
গ নগদ বাট্টা   ঘ পরিমাণ বাট্টা

**১৬. আল-আমিন ট্রেডার্স সাধারণ খতিয়ানে কত টাকা লিখবে?**

ক ১০,০০০ টাকা   খ ৫০,০০০ টাকা
গ ৯০,০০০ টাকা   ঘ ১,০০,০০০ টাকা

**১৭. রনি স্টোরের সংশ্লিষ্ট খতিয়ানে পোস্টিং হবে—**

i. বিক্রয় হিসাব ৯০,০০০ টাকা
ii. দেনাদার হিসাব ৪৫,০০০ টাকা
iii. প্রদত্ত বাট্টা হিসাব ১০,০০০ টাকা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

**১৮. নগদান বই কিসের অন্যতম শাখা?**

ক জাবেদা   খ খতিয়ান
গ রেওয়ামিল   ঘ কার্যপত্র

**১৯. বিপরীত দাখিলা দ্বারা প্রভাবিত হয়—**

ক মূলধন হিসাব
খ নগদান হিসাব
গ ব্যাংক হিসাব
ঘ নগদান হিসাব এবং ব্যাংক হিসাব

**২০. হিসাব চক্রের কোন ধাপে হিসাব সমূহের নির্ভুলতা যাচাই করা হয়?**

ক ৪র্থ   খ ৫ম
গ ৬ষ্ঠ   ঘ ৭ম

**২১. মীম এন্টারপ্রাইজ অফিসে ব্যবহারের জন্য '৫০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে তা ভুল বশত ক্রয় হিসাবে লিপিবন্ধ করে। উদ্দীপকে কোন ধরনের ভুল হয়েছে?**

ক পারিপূরক
খ নীতিগত
গ বেদাখিলার
ঘ লেখার

**২২. কোনটি প্রস্তুত করা বাধ্যতামূলক নয়?**

ক খতিয়ান
খ বিশদ আয় বিবরণী
গ রেওয়ামিল
ঘ আর্থিক অবস্থার বিবরণী

**২৩. চলতি অনুপাতের আদর্শমান কত?**

ক ১ : ১   খ ২ : ১
গ ৩ : ১   ঘ ৩ : ২

**২৪. দীর্ঘ মেয়াদী দায় কোনটি?**

ক পাওনাদার
খ প্রদেয় বিল
গ বকেয়া বেতন
ঘ বন্ধকী ঋণ

**২৫. কোন নীতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়?**

ক ব্যবসায়িক সত্তানীতি
খ ক্রয়মূল্য নীতি
গ সামঞ্জস্যতার নীতি
ঘ রক্ষণশীলতার নীতি

**২৬. প্রত্যক্ষ শ্রম ও কারখানা উপরি ব্যয়ের সমষ্টিকে কি বলা হয়?**

ক মুখ্য ব্যয়   খ রূপান্তর ব্যয়
গ কারখানা ব্যয়   ঘ উৎপাদন ব্যয়

**২৭. কোনটি বিক্রয় উপরি ব্যয়?**

ক মনিহারি   খ কারখানা ভাড়া
গ বিজ্ঞাপন   ঘ আমদানি শুল্ক

**২৮. পারিবারিক বাজেটে খাদ্য খাতে ব্যয়ের পরিমাণ কত?**

ক ১০%-১৫%   খ ২০%-২৫%
গ ৩০%-৪০%   ঘ ৪০%-৫০%

**২৯. দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কোনটি?**

ক ১৩৯৪ সাল   খ ১৪৪১ সাল
গ ১৪৪৯ সাল   ঘ ১৪৯৪ সাল

**৩০. অদৃশ্য লেনদেন কোনটি?**

ক অবচয়   খ পরিবহন
গ ক্রয়   ঘ কমিশন প্রাপ্তি

Teachingbd.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

http://teachingbd.com